

সত্য কখনো কখনো অশ্লীলতা ছড়ায় (উৎসর্গ- রাশীদুল বারী)

মির্জা নাহিদ হোসেন

আমাদের দিন সব সূর্যের দিন, দুঃখ বলে কিছু নেই। সূবর্ন আইজ্যাক কষ্ট বলে কিছু নেই। কারণ কি জানো? পৃথিবীতে এমন কেও কখনো আসেন নি যাকে সবাই ভালোবেসেছেন। হিংসা, বিদ্বেষ ছড়ানো যতো সহজ ঠিক ততোটাই কঠিন ভালোবাসা। একটু বুদ্ধি দিয়ে বলি, আপনি ইচ্ছে করলে যে কাওকে চড় মারতে পারবেন। এটা সহজ কাজ। আপনি কি অপরাধ করে মাফ চাইতে পারবেন এতো সহজে? ভেবে দেখুন কোনটা কঠিন।

আমার কাওকে ভালো নাই লাগতে পারে বা আপনার আমাকে। তাতে কি আমরা শত্রু হয়ে যাব? আমার আদর্শ আপনি ঠিক করে দেবেন? বা আপনার আদর্শ আমি? একজন মুসলিম যদি সংযমি হয়ে কথা না বলতে পারেন এতে ইসলামের কি যায় আসে? তবে জেনে রাখুন সাময়িক ক্ষতি কখনোই সার্বিক ক্ষতি নয়। আপনার যাকে ভালো লাগবে না তাকে আপনি গালাগালি করার আগে একবার পড়ুন-

"নিচু লোকের প্রধান হাতিয়ার হচ্ছে অশ্লীল বাক্য।" (হজরত আলী রাঃ)

আমাকে দিয়ে একটি উধাহরণ দেই, যখন আমি কাওকে উপরে উঠতে দেখলে কি ভাবে আঘাত করা যায় সে পথ খুঁজি। কেন? নিজের দিকে তাকিয়ে দেখি আমি হয় তাকে ঈর্ষা করছি না হয় আমি আমার অক্ষমতা ঢাকতে তাকে গালাগালি করছি। আমার সূবর্ন আইজ্যাক প্রীতি দেখে অনেকের মনে অনেক প্রশ্ন। কেও কেও আমাকে দালাল ভাবছেন। কেও বা ভাবছেন আমি বুদ্ধি আমেরিকা যাওয়ার ধাক্কাই আছি। কেও বা ভাবছেন টাকার জন্য এসব করছি। কেও বা ভাবছেন স্যারের হলোটা কি? কেও যদি আমায় মোসাদদের এজেন্ট ভাবেন তাতেও আমি অবাধ হবো না কারণ আমি আবারো পড়বো একটি লাইন-

"অসং লোক কাউকে সং মনে করে না, সকলকেই সে নিজের মত ভাবে।" -হজরত আলী (রাঃ)

একজন একটি ভালো কাজ করলে তাকে আমার ভালো বলতে সমস্যা কোথায়? কেও কেও অসাধারণ প্রতিভা নিয়ে জন্মান। এটা কি তার দোষ? তাকে প্রচারে আনলে এমন কি ক্ষতি? আপনি হয়তো বলবেন তার প্রতিভাকে পুঁজি করে তার বাবা নাম কামাতে চান? আসলেই কি তাই? উনার কি আয় ইনকাম বা খ্যাতি কি আপনার আমার চেয়ে কম? নাকি তিনি অবুঝ? এখানে কিছু প্রশ্ন জন্ম নেবে জানি। সে জন্য কি বোর্ড না হয় চালু রাখলাম। কি বলেন? মাঝে মাঝে আমার মনে হয়

আসলেই আমাদের চিন্তা ভাবনার ঘরে যে ঘুন পোকার অবাধ যাতায়ত ছিল তাকে কখন আমরা নিজের অজান্তে লালন পালন করে, বড় করে নিজের চিন্তাকে খুন করেছি নিজেও জানি না। চিন্তায় আজ তাই হয়ে গেছে ছিনতাই। ইহকাল তো বটেই পরকালের রায়ও আমরা দিয়ে দিচ্ছি অবলিলায়। (আল্লাহ আপনি মাফ করুন) কে আস্তিক কে নাস্তিক বা কে বেহেশত যাবেন বা কে দোজখে যাবেন বলার আমি কে? তাহলে কি মহান আল্লাহ তালা সু- সংবাদ মাত্র দশজনকে দিতেন? আমি ইসলামী চিন্তাবিদ নই বলে সেদিকে গেলাম না।

সূবর্ন আইজ্যাক একটি প্রতিক। একটি মাইল ফলক। একটি ভালোবাসার বাগান। তাতে পানি দিতে না পারলে না দিয়েন, অনুরোধ আগুন দেবেন না দয়া করে। বেঁচে থাকুক স্বপ্ন ধারণ করা প্রতিটি সূবর্ন আইজ্যাক। প্রতিটি ঘরে ঘরে জন্ম নিক এক এক জন সূবর্ন আইজ্যাক।

বি. দ্রব - লেখাটি বড় করা যেত। অনেক যুক্তি দেওয়া যেত। করলাম না সেটাও আমার ব্যর্থতা বলে মেনে নিলাম।

